



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি প্রমোশন ও ব্র্যান্ডিং শাখা  
www.ictd.gov.bd



স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৪৯.২৯.০০১.২০.১৯৫

তারিখ: ২৩ অগ্রহাষণ ১৪২৯

০৮ ডিসেম্বর ২০২২

বিষয়: 'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২' উপলক্ষ্যে কর্মসূচি, অনুষ্ঠানসূচি এবং অন্যান্য তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ডিসেম্বর ২০২২ তারিখে দেশব্যাপী ৬ষ্ঠ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উদযাপিত হবে। সেই প্রেক্ষিতে ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১ অনুসারে জাতীয় এবং জেলা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' প্রদান করা হবে।

২০০৮ সালে বর্তমান সরকারের রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ ঘোষণার পর থেকে অদ্যাবধি সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসারে দেশের সর্বস্তরে ডিজিটাল বাংলাদেশের সফল বাস্তবায়নে বিভিন্ন পদক্ষেপ সফলভাবে সম্পন্ন করেছে। সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা তাদের স্ব স্ব ডিজিটাল বাংলাদেশের সফল স্বপ্নগাঁথার গল্পগুলোকে নিজস্ব আঙ্গিকে পত্রিকা, টেলিভিশন, সোশ্যাল মিডিয়া, বিলবোর্ড ইত্যাদি বিভিন্ন মাধ্যমে সর্বস্তরে প্রচারের উদ্যোগ গ্রহণের নিমিত্ত গত ২৯ নভেম্বর ২০২২ খ্রি. তারিখের ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উদযাপনের প্রস্তুতিমূলক সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, সকাল ০৮.০০ ঘটিকায় বিআইসিসি প্রাঙ্গণে সর্বস্তরের অংশগ্রহণে কেন্দ্রীয় আয়োজন করা হবে।

এমতাবস্থায়, ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে স্ব স্ব দপ্তরের কর্মসূচি প্রণয়নপূর্বক সার্বিকভাবে সমন্বয়ের নিমিত্ত অত্র বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৮-১২-২০২২

মোহাম্মদ নজরুল ইসলাম

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৬৮৫৮

সিনিয়র সচিব/ সচিব (সকল) মন্ত্রণালয়/বিভাগ

ইমেইল: nazrul.islam@ictd.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৪৯.২৯.০০১.২০.১৯৫/১(৫)

তারিখ: ২৩ অগ্রহাষণ ১৪২৯

০৮ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

২) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, (সিনিয়র সচিব মহোদয়ে সদয় অবগতির জন্য)।
- ৫) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর



৮-১২-২০২২

মোহাম্মদ নজরুল ইসলাম  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)